

## ইসলামী বিশ্ববিদ্যালয়ে সেশনজট বেড়েই চলেছে

ইসলামী বিশ্ববিদ্যালয় (কুষ্টিয়া), ২২শে জুন (নিজস্ব সংবাদদাতা)।- ইসলামী বিশ্ববিদ্যালয়ের দিনের পর দিন সেশনজট বেড়েই চলেছে। ১৯৮৬-৮৭ শিক্ষাবর্ষ হতে এযাবৎ মোট ৮টি শিক্ষাবর্ষে ছাত্রছাত্রী ভর্তি হয়েছে। এর মধ্যে মাস্টার্স সমাপ্ত করেছে মাত্র তিনটি সেশনের ছাত্রছাত্রী আর সম্মান কোর্স শেষ করেছে চারটি সেশনের ছাত্রছাত্রীরা। সম্মান কোর্স এবং মাস্টার্স কোর্সে যে সমস্ত ছাত্রছাত্রীরা শেষ করেছে তাদের সবারই নির্দিষ্ট সময় হতে ২ বছর বেশি সময় বেগেছে। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসকে কখনো কুষ্টিয়া আবার কখনো গাজীপুরে স্থানান্তরের টালবাহানা, প্রশাসনিক দুর্বলতা, বিভিন্ন সময়ে বিভিন্ন ধরনের সন্ত্রাসী ঘটনা, বিশ্ববিদ্যালয় বন্ধ এবং শিক্ষক ধর্মঘটের কারণে যথেষ্ট সময় নষ্ট হয়েছে। যার কারণে নির্দিষ্ট সময়ে কোন পরীক্ষাই শেষ হয়নি। ফলে সেশনজট দিন দিন বেড়েই চলেছে।

ছাত্রছাত্রীরা ভর্তি হওয়ার পর সময়মত ক্লাস শুরু না হওয়া এবং পরীক্ষাসমূহ না হওয়ার কারণে বর্তমানে দু'টি বর্ষে চারটি সেশনের ছাত্রছাত্রী পড়ে আছে। ১৯৯০-৯১ এবং ১৯৯১-৯২ সেশনের ভর্তি হওয়া ছাত্রছাত্রীরা এখন পুরাতন ২য় বর্ষ এবং নতুন ২য় বর্ষে অবস্থান করছে। ১৯৯২-৯৩ সেশনের ছাত্রছাত্রীদের সবেমাত্র ৫ মাস ক্লাস হয়েছে এবং ১৯৯৩-৯৪ সেশনের ভর্তি সবেমাত্র শুরু হয়েছে। কিন্তু ক্লাস শুরুর কোন তারিখ এখনও ঠিক হয়নি।

১৯৯০ সালে গাজীপুর হতে কুষ্টিয়া বিশ্ববিদ্যালয় স্থানান্তরিত হওয়ার পর ছাত্রশিবির-ছাত্রলীগ সংঘর্ষ, ছাত্রশিবির-ছাত্রদল সংঘর্ষ এবং শিবির কর্তৃক শিক্ষক লাঞ্ছিতের ঘটনার পরিপ্রেক্ষিতে এবং বিভিন্ন সময় শিক্ষক ও ছাত্র ধর্মঘটের কারণে গত ১৯ মাসে ক্লাস হয়েছে মাত্র ১৫১ দিন। সেমিস্টার পরীক্ষা পদ্ধতির ক্ষেত্রে নির্দিষ্ট সংখ্যক ক্লাস না হওয়ার কারণে সময় মত পরীক্ষাসমূহ অনুষ্ঠিত হয়নি।

১৯৯০-৯১ শিক্ষাবর্ষের ছাত্রছাত্রীদের ক্লাস শুরু হয় নির্দিষ্ট সময়ের ৯ মাস পর। ১ম বর্ষের পরীক্ষা দিতে সময় লাগে ১৭ মাস। ২য় বর্ষের ১ম সেমিস্টার পরীক্ষার শেষ করলেও ২য় বর্ষের চূড়ান্ত পরীক্ষার তারিখ এখনও ঠিক হয়নি। ১৯৯১-৯২ সেশনের মাস্টার্সের ছাত্রছাত্রীদের পরীক্ষা আগামী ৩ মাসের মধ্যে হওয়ার কোন সম্ভাবনা নেই। বর্তমানে লাগাতার শিক্ষক ধর্মঘট চলেছে। সেশনজট কমাতে চেয়ে বাড়ার সম্ভাবনাই বেশি দেখা দিয়েছে। বিস্তারিত খোঁজখবর নিয়ে জানা গেছে, বিশ্ববিদ্যালয় বন্ধ এবং ক্লাস ছাড়াও যে কারণে সেশনজট সৃষ্টি হয়েছে তা হল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সূচ্য নীতিমালার অভাব। ১৯৯০-৯১ সেশনে ছাত্রছাত্রীদের ক্লাস শুরু করতে দেরি হয় ৯ মাস, আবার

পরীক্ষার ক্ষেত্রে কোর্স পদ্ধতি হতে সেমিস্টার পদ্ধতিতে আসতে সিদ্ধান্তের ক্ষেত্রে বিলম্ব ঘটে। ফলে ১৭ মাস পর ১ম বর্ষের পরীক্ষা দিতে হয়।